

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০১৪.১৮-৩৬০

তারিখ: ১২ পৌষ ১৪২৫

২৬ ডিসেম্বর ২০১৮

বিষয়: মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ মামলার আদেশের আলোকে ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলাধীন চূড়ালী ইছাহাক উদ্দিন দাখিল মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মো: নূরুল ইসলাম এর পূর্ণ বেতন ও ভাতাদি প্রদান প্রসঙ্গে

সূত্র: সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মো: নূরুল ইসলাম ২৫/১১/২০১৮ তারিখের এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্লেষ্টিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলাধীন চূড়ালী ইছাহাক উদ্দিন দাখিল মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মো: নূরুল ইসলাম ০২/১১/২০০৩ খ্রি: তারিখে বিনা নোটিশে সম্পূর্ণ অন্যায়ে ভাবে মাদ্রাসার ম্যানেজিং কমিটি কর্তৃক সাময়িক বরখাস্তকৃত করা হয় মর্মে আবেদনকারীর আবেদন থেকে জানা যায়।

০২. মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট পিটিশন নং ৩৬৫৭/২০১৫ এর আদেশে নিম্নরূপ নির্দেশনা দেয়া হয়েছে  
“ According ,we declare that in the absence of any law providing otherwise ,no person shall be kept under suspension beyond 60 (sixty) days from the date of his/her suspension .If the suspension continues for further period,exceeding 60 (sixty) days,then the person suspended shall be entitled to receive full pay,instead of subsistence allowance,till the suspension order/ letter ends up in a final order .”

০৩. মহামান্য হাইকোর্টের রায়ের আলোকে বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে কোন শিক্ষক /কর্মচারী কে ৬০ ( ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি পূর্ণ বেতন ও অন্যান্য ভাতা সমূহ প্রাপ্য হবেন মর্মে নির্দেশনা জারী করা হয়েছে।

০৪. সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মো: নূরুল ইসলাম কর্তৃক উপস্থাপিত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে , তার্কে ( জনাব মো: নূরুল ইসলাম ) ০২/১১/২০০৩ খ্রি: তারিখে সাময়িক বরখাস্ত করায় তার সাময়িক বরখাস্তের মেয়াদ ৬০(ষাট) দিনের বেশি হয়েছে বিধায় জনাব মো: নূরুল ইসলাম তার পদের পূর্ণ বেতন ভাতাদি ( এমপিও) মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী পাওয়ার আইনগত অধিকারী।

০৫ .সাময়িক বরখাস্তকৃত জনাব মো: নূরুল ইসলাম কর্তৃক উপস্থাপিত কাগজ পত্র পর্যালোচনায় দেখা যায় যে,তার্কে ( সুপার জনাব মো: নূরুল ইসলামকে) মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুসরণক্রমে এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের নির্দেশ মোতাবেক তাঁকে পূর্ণ বেতন ভাতাদি প্রদান করা হচ্ছে না।

০৬. এমতাবস্থায় উপরে বর্ণিত অনুচ্ছেদ সমূহের আলোকে ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলার চূড়ালী ইছাহাক উদ্দিন সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মো: নূরুল ইসলামকে মহামান্য হাইকোর্টের নির্দেশনা মোতাবেক তাঁর পূর্ণাঙ্গ বেতন ভাতাদি প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় কার্যকারী ব্যবস্থা গ্রহণ ক্রমে এ অধিদপ্তরকে অভিহিত করার জন্য উক্ত মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হল। ব্যর্থতায় আইনানুগ পদক্ষেপ গ্রহণ করা হবে।

Najnin

২৭-১২-২০১৮

নাজনীন সুলতানা  
সহকারী পরিচালক

সুপার (ভারপ্রাপ্ত) চূড়ালী ইছাহাক উদ্দিন দাখিল মাদ্রাসা  
উপজেলা : গৌরীপুর , জেলা : ময়মনসিংহ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০১৪.১৮-/১(৬)

তারিখ: ১২ পৌষ ১৪২৫  
২৬ ডিসেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ , শিক্ষা মন্ত্রণালয় , পরিবহন পুলভবন ( ৯ম তলা ) , সচিবালয়  
লিংক রোড , ঢাকা ।
- ২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার , উপজেলা : গৌরীপুর , জেলা : ময়মনসিংহ ( নির্দেশনা বাস্তবায়ন করার  
জন্য অনুরোধ করা হলো )।
- ৩) সভাপতি , ম্যানেজিং কমিটি , উপজেলা : গৌরীপুর , জেলা : ময়মনসিংহ ( নির্দেশনা বাস্তবায়ন করার জন্য  
অনুরোধ করা হলো )।
- ৪) ম্যানেজার , অগ্রনী ব্যাংক , ছোটবাজার শাখা , জেলা : ময়মনসিংহ ( নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ  
করা হলো )।
- ৫) সুপার , সাময়িক বরখাস্তকৃত , চূড়ালী ইছাহাক উদ্দিন দাখিল মাদ্রাসা , উপজেলা : গৌরীপুর , জেলা :  
ময়মনসিংহ।।
- ৬) অফিস কপি ।

Najnin

২৭-১২-২০১৮

নাজনীন সুলতানা  
সহকারী পরিচালক